

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৩. ১. ১০. দাউদের অপরাধে বনি-ইসরাইলের গণহত্যা

ঈশ্বরের অথবা শয়তানের নির্দেশে দাউদ বনি-ইসরাইলের লোকগণনা করেন। ঈশ্বর নির্দেশিত এ কর্মটা করার কারণে ঈশ্বরের ক্রোধ আবারো প্রজ্জ্বলিত হল: মাবুদ রাগে জ্বলে উঠলেন। তিনি দর্শক নবী গাদের মাধ্যমে দাউদকে জানালেন যে, তাঁকে তিনটা শাস্তির একটা বেছে নিতে হবে: (১) সাত/তিন বছরের দুর্ভিক্ষ, (২) তিন মাস শক্রদের দ্বারা তাড়িত হওয়া এবং (৩) তিন দিনের মহামারি। দাউদ শেষটাই বেছে নেন। ফলে ঈশ্বর দাউদের অপরাধের কারণে ৭০ হাজার বনি-ইসরাইলকে হত্যা করলেন। (২ শমূয়েল ২৪/১-১৫ এবং ১ বংশাবলি ২১/১-১৪)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14533

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন